# Prime Ministers of India and Singapore to witness the launch of Real-time Payment Systems Linkage between the two countries

February 20, 2023

## ভারত ও সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীরা দুই দেশের মধ্যে রিয়েল-টাইম পেমেন্ট সিস্টেম লিঙ্কেজের সূচনা প্রত্যক্ষ করবেন

ফেব্রুয়ারী 20, 2023

ভারতে ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস (ইউপিআই) এবং সিঙ্গাপুরে পে নাও-এর মধ্যে আন্তঃসীমান্ত সংযোগের সূচনা অনুষ্ঠান ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে ২১ ফেব্রুয়ারি সকাল ১১টায় প্রত্যক্ষ করবেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি হিসিয়েন লুং। এর সূচনা করবেন রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর শ্রী শক্তিকান্ত দাস এবং মানিটারি অথরিটি অফ সিঙ্গাপুরের (এমএএস)-ম্যানেজিং ডিরেক্টর শ্রী রবি মেনন।

আর্থিক প্রযুক্তি উদ্ভাবনে দ্রুততম প্রসার লাভ করা বাস্তুতন্ত্রের ক্ষেত্রে অন্যতম দেশ হিসেবে ভারত আত্মপ্রকাশ করেছে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে ভারতের ডিজিটাল পেমেন্ট পরিকাঠামোকে বিশ্বজনীন ক্ষেত্রে শ্রেষ্ঠ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে নিয়ামক হিসেবে কাজ করেছে। প্রধানমন্ত্রী সব সময়ই এটা সুনিশ্চিত করতে চেয়েছেন যে ইউপিআই-এর সুবিধা কেবলমাত্র ভারতের মধ্যে সীমাবদ্ধ নয়, অন্য দেশও তার থেকে লাভবান হোক। এই দুই পেমেন্ট ব্যবস্থার মধ্যে সংযোগ স্থাপিত হলে তা উভয় দেশে বসবাসকারীদের দ্রুত এবং মূল্য সাশ্রয়ীভাবে অর্থ হস্তান্তরে সাহায্য করবে। এই ব্যবস্থা সিঙ্গাপুরে বসবাসকারী অনাবাসী ভারতীয় বিশেষত পরিযায়ী কর্মী এবং ছাত্রদেরকে দ্রুত কম খরচায় সিঙ্গাপুর থেকে ভারতে টাকা পাঠাতে সাহায্য করবে, অন্য দিকে ভারতে বসবাসকারী সিঙ্গাপুর থেকে আসা প্রবাসীদের ক্ষেত্রেও অনুরূপ সাহায্যে লাগবে।

নতুন দিল্লি

ফেব্রুয়ারী 20, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.